

💵 সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৩০০৭

كتاب المناسك) على المنا

পরিচ্ছেদঃ ১৯/৫২. মিনায় অবস্থান

بَابِ النُّزُولِ بِمِنِّي

আরবী

حَدَّثَنَا عَلِيُّ بْنُ مُحَمَّدٍ، وَعَمْرُو بْنُ عَبْدِ اللَّهِ، قَالاَ حَدَّثَنَا وَكِيعٌ، عَنْ إِسْرَائِيلَ، عَنْ إِبْرَاهِيمَ بْنِ مُهَاجِرٍ، عَنْ يُوسُفُ بْنِ مَاهَكَ، عَنْ أُمِّهِ، مُسَيْكَةَ عَنْ عَائِشَةَ، قَالَتْ قُلْنَا يَا رَسُولَ اللَّهِ أُلاَ نَبْنِي لَكَ بِمِنَّى بُنْيَانًا يُظِلُّكَ قَالَ " لاَ مِنَّى مُنَاخُ مَنْ سَبَقَ ".

বাংলা

২/৩০০৭। আয়েশা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমরা বললাম, হে আল্লাহর রাসূল! আমরা কি মিনায় আপনার জন্য একটি ঘর বানাবো না, যা আপনাকে ছায়া দান করবে? তিনি বলেনঃ না, মিনায় যারা আগে পৌঁছবে, তা তাদের ঠিকানা।

English

It was narrated that 'Aishah said:

"We said: 'O Messenger of Allah, should we not build you a house in Mina that will be a means of shade for you?' He said: 'No, Mina is just a stopping place for those who get there first.'"

ফুটনোট

তিরমিযি ৮৮১, আবু দাউদ ২০১৯, আহমাদ ২৫০১৪, ২৫১৯০, যইফ আবু দাউদ ৩৪৫।

তাহকীক আলবানীঃ যইফ। উক্ত হাদিসের রাবী ইবরাহীম বিন মুহাজির সম্পর্কে আবু বকর আল-বায়হাকী বলেন, তিনি হাদিস বর্ণনায় দুর্বল। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি সত্যবাদী তবে তার হিফয শক্তি দুর্বল। যাকারিয়্যা বিন ইয়াহইয়া আস-সাজী বলেন, তিনি সত্যবাদী তবে তার ব্যাপারে মতভেদ রয়েছে। সুফইয়ান বিন উয়াইনাহ তাকে দুর্বল বলেছেন। মুহাম্মাদ বিন সা'দ বলেন, তিনি সিকাহ। ইয়াহইয়া বিন মাঈন বলেন, তিনি



দুর্বল। (তাহযীবুল কামালঃ রাবী নং ২৫০, ২/২২১ নং পৃষ্ঠা) ২. মুসায়কাহ সম্পর্কে ইবনু হাজার আল-আসকালানী বলেন, তার অবস্থা সম্পর্কে কিছু জানা যায়না। মুহাম্মাদ বিন ইসহাক বিন খুযায়মাহ বলেন, তার আদালাত ও জারাহ সম্পর্কে আমার জানা নেই। (তাহযীবুল কামালঃ রাবী নং ৭৯৩১, ৩৫/৩০৭ নং পৃষ্ঠা)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন